তরুণদের কর্মসংস্থানের সুযোগ কমছে

অর্থনৈতিক প্রবৃদ্ধি, মাথাপিছু আয় বৃদ্ধি, স্বাস্থ্য ও শিক্ষা— সব সূচকেই উন্নতিতে বাংলাদেশ। যদিও কর্মসংস্থান সম্প্রসারণে তা কাজে আসছে না। তরুণদের কর্মসংস্থানের সুযোগ বরং কমছে। কর্মসংস্থানের সুযোগের এ ঘাটতিতে নিষ্প্রভ হয়ে পড়ছে তরুণ শ্রমশক্তির বড় একটি অংশ।বাংলাদেশের শ্রমবাজারের প্রকৃত চিত্র তুলে আনতে সম্প্রতি এ নিয়ে একটি গবেষণা করেছে বিশ্বব্যাংক। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) শ্রমশক্তি জরিপের উপাত্ত বিশ্লেষণ করে সংস্থাটি বলছে, ২০০৩ থেকে ২০১০ সাল পর্যন্ত বাংলাদেশে কর্মসংস্থানের হার বেড়েছিল বার্ষিক ৩ দশমিক ১ শতাংশ হারে, যা ওই সময়ে কর্মক্ষম জনসংখ্যা বৃদ্ধির হারের চেয়েও বেশি। ২০০৩ থেকে ২০১০ সাল পর্যন্ত দেশে কর্মক্ষম মানুষ বেড়েছিল ২ দশমিক ৫ শতাংশ হারে। অর্থাত্ শ্রমবাজারে যুক্ত হওয়া তরুণদের পাশাপাশি বেকারদের কর্মসংস্থানের সুযোগও তৈরি হয়েছিল ওই সময়। এর পর থেকে কর্মসংস্থানের হার শ্লথ হয়ে পড়ে। ২০১০ থেকে ২০১৬ সাল পর্যন্ত কর্মক্ষম জনসংখ্যা বৃদ্ধির হারেরও নিচে নেমে আসে কর্মসংস্থান প্রবৃদ্ধি। এ সময় কর্মসংস্থান বেড়েছে বার্ষিক মাত্র ১ দশমিক ৮ শতাংশ হারে।http://bonikbarta.net

বিটিসিএলের কাছে সাবমেরিন কেবলের পাওনা ৮৩ কোটি টাকা

বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেডের (বিটিসিএল) কাছে ৮৩ কোটি টাকার বেশি পাওনা রয়েছে বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানি লিমিটেডের (বিএসসিসিএল)। তিন বছরেরও বেশি সময় ধরে অনাদায়ী থাকায় এ অর্থ ফেরত পাওয়া নিয়ে সংশয় প্রকাশ করেছে বিএসসিসিএলের নিরীক্ষক এম জে আবেদীন অ্যান্ড কোম্পানি। তবে কোম্পানির কর্মকর্তারা বলছেন নিরীক্ষক আপত্তি বা সংশয় প্রকাশ করলেও সরকারের অন্য কোম্পানিটির কাছ থেকে অর্থ ফেরত পাওনা নিয়ে তাদের কোনো সংশয় নেই।সর্বশেষ সমাপ্ত ২০১৬-১৭ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে সাবমেরিন কেবলের নিরীক্ষক তার মতামতে উল্লেখ করেছেন, বিটিসিএলের কাছে বিএসসিসিএলের পাওনার পরিমাণ ৮৩ কোটি ৬৭ লাখ ৮২ হাজার ২০২ টাকা। এ অর্থ আদায়ের বিষয়ে সংশয় থাকলেও কোম্পানিটি এর বিপরীতে মাত্র ৭ কোটি ৫৩ লাখ ১০ হাজার ৩৯৮ টাকা সঞ্চিতি রেখেছে।http://bonikbarta.net

পুঁজিবাজারের উজ্জ্বল ভবিষ্যত্ দেখছেন বিএসইসি চেয়ারম্যান

বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাগুলোর নিয়ন্ত্রক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশনসের (আইওএসসিও) আহ্বানে সাড়া দিয়ে ২-৮ অক্টোবর পর্যন্ত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ উদযাপন করেছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে দেশব্যাপী এ কর্মসূচি পালিত হয়েছে। কর্মসূচি ঘিরে পুঁজিবাজারসংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা, স্টেকহোল্ডার ও বিনিয়োগকারীদের মধ্যে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়েছে। এদিকে গতকাল বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিএসইসির চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন দেশের পুঁজিবাজারের উজ্জ্বল সম্ভাবনার দিকগুলো তুলে ধরেছেন।http://bonikbarta.net

প্রভাব পর্যালোচনায় সমন্বিত গবেষণার উদ্যোগ এনবিআরের

বেশ কয়েকবার উদ্যোগ নিয়েও ব্যবসায়ীদের বিরোধিতায় মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক আইন-২০১২ বাস্তবায়ন করতে পারেনি জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। কয়েক দফা সংস্কার করা হলেও আইনটি এখনো ব্যবসাবান্ধব নয় বলে জানিয়ে আসছেন ব্যবসায়ীরা। এ অবস্থায় দুই বছর পিছিয়ে ভ্যাট আইনটি বাস্তবায়নের লক্ষ্যে ব্যবসায়ী ও বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্বে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে এনবিআর। এ লক্ষ্যে বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান নিয়ে একটি 'কনসোর্টিয়াম অব রিসার্চ এনটিটিসিজ' গঠনের কথা জানিয়েছেন এনবিআর চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. নজিবুর রহমান।http://bonikbarta.net

রফতানি আয়ে ৭.২৩% প্রবৃদ্ধি

চলতি অর্থবছরের (২০১৭-১৮) প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) রফতানি আয়ে প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৩ শতাংশ। এ সময়ে লক্ষ্যমাত্রার চেয়ে ২ দশমিক ৮৪ শতাংশ কম আয় হয়েছে। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ মাসিক পরিসংখ্যানে এ তথ্য পাওয়া গেছে।ইপিবির উপাত্ত অনুযায়ী, অর্থবছরের প্রথম তিন মাসে দেশের রফতানি আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৮৬৬ কোটি ২৭ লাখ ৩০ হাজার ডলার। গত অর্থবছরের একই সময়ে আয় ছিল ৮০৭ কোটি ৮৮ লাখ ২০ হাজার ডলার। এ হিসাবে বছরওয়ারি প্রবৃদ্ধি হয়েছে ৭ দশমিক ২৩ শতাংশ। অন্যদিকে এ সময়ে রফতানি খাত থেকে আয়ের লক্ষ্য ছিল ৮৯১ কোটি ৬০ লাখ ডলার। এ হিসাবে লক্ষ্যের তুলনায় আয় কম হয়েছে ২ দশমিক ৮৪ শতাংশ।http://bonikbarta.net

ম্যানুফ্যাকচারিংয়ে কর্মসংস্থান ফিরে আসার দাবি ট্রাম্পের

যুক্তরাষ্ট্রে ম্যানুফ্যাকচারিং খাতে কর্মসংস্থান ফিরে আসছে বলে শুক্রবার দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরই মধ্যে তার প্রশাসন হাজার হাজার নতুন কর্মসংস্থান সৃষ্টি করছে এবং যুক্তরাষ্ট্রের ব্যবসায়িক পরিবেশ উন্নত করার জন্য কাজ করছে বলে জানিয়েছেন তিনি। খবর ইকোনমিক টাইমস।৬ অক্টোবরকে জাতীয় ম্যানুফ্যাকচারিং দিবস হিসেবে ঘোষণা দিয়েছেন ট্রাম্প। এ উপলক্ষে তিনি বলেন, মহাকাশ, ওষুধ ও কম্পিউটারের ক্ষেত্রগুলোয় পূর্বের মতো অবিস্মরণীয় সাফল্য অর্জনের লক্ষ্যে মার্কিন ম্যানুফ্যাকচারাররা প্রথাগত অ্যাসেম্বলি লাইনের সঙ্গে উন্নত প্রযুক্তি সমন্বয়ের জন্য নিয়মিত নতুন নতুন উপায় অনুসন্ধান করে চলেছে। তিনি আরো বলেন, যন্ত্রচালক, ডিজাইনার, কম্পিউটার প্রোগ্রামার ও প্রকৌশলীদের জন্য অগণিত কর্মসংস্থান সুযোগ তৈরি করার মধ্য দিয়ে এসব ম্যানুফ্যাকচারার মার্কিন উদ্ভাবনের গল্পে নিজেদের অধ্যায় যুক্ত করে চলেছে।http://bonikbarta.net

মেক্সিকো উপসাগরীয় অঞ্চলে জ্বালানি তেল উত্তোলন ৯২% কমেছে

মেক্সিকো উপসাগর ও সংলগ্ন মার্কিন উপকূলে আঘাত হেনেছে শক্তিশালী ঘূর্ণিঝড় ন্যাটে। এর প্রভাবে যুক্তরাষ্ট্রের তেলসমৃদ্ধ মেক্সিকো উপসাগরীয় অঞ্চল থেকে অপরিশোধিত জ্বালানি তেল উত্তোলন ৯২ শতাংশ কমেছে। সম্ভাব্য ক্ষতি এড়াতে এরই মধ্যে এ অঞ্চলের ৩ শতাংশের বেশি জ্বালানি তেল পরিশোধন কেন্দ্রের কার্যক্রম সাময়িক বন্ধ করে দেয়া হয়েছে। সব মিলে আবহাওয়াজনিত কারণে সংকটের মুখে রয়েছে যুক্তরাষ্ট্রের জ্বালানি তেল খাত। এর আগে অপর ঘূর্ণিঝড় হার্ভি ও ইরমার প্রভাবে দেশটিতে অপরিশোধিত জ্বালানি তেল উত্তোলন ও পণ্যটির পরিশোধন কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয়েছিল। এর জের ধরে পণ্যটির উত্তোলন খাতে চাঙ্গাভাব কমে এসে জ্বালানি তেলের দাম বেড়ে যায়। এবারো ন্যাটের প্রভাবে পণ্যটির উত্তোলন কমায় আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম বাড়তে পারে বলে মনে করছেন খাতসংশ্লিষ্টরা। খবর রয়টার্স ও অয়েল প্রাইস ডটকম।http://bonikbarta.net